



তৃতীয় অনুরোধ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

আইন শাখা-১

পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)

সচিবালয় লিংক রোড, ঢাকা।

www.tmed.gov.bd

পত্র সংখ্যা-শিম/আইনসেল (রিট)-৩৬/২০১২/৪৭৯

তারিখঃ ০৭ পৌষ ১৪২৭ ব.
২২ ডিসেম্বর ২০২০ খ্রি.

বিষয়ঃ কনটেম্পট পিটিশন নং- ৭৩/২০১৫ (রিট পিটিশন নং-৬০৮৬/২০১১ হতে উদ্ধৃত) মামলার হালনাগাদ তথ্যাদি প্রেরণ।

সূত্র: (১) মাউশিঅ'র স্মারক নং- ওএম/২৫০/আইন/২০১১/১১৩৫৫/৩-জিএ, তারিখ: ২৯/০৩/২০১৫ খ্রি:
(২) এ বিভাগের স্মারক নং-শিম/আইনসেল (রিট)-৩৬/২০১২/২০৯, তারিখ: ০৭/০৪/২০১৫ খ্রি:
(৩) টিএমইডি'র স্মারক নং- শিম/আইনসেল (রিট)-৩৬/২০১২/১৯৭, তারিখ: ২৪/০৯/২০১৮ খ্রি:
(৪) টিএমইডি'র স্মারক নং- শিম/আইনসেল (রিট)-৩৬/২০১২/২৬১, তারিখ: ১৫/০৫/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাঞ্জাইল জেলার ঘাটাইল উপজেলাধীন পচায় আটা মাটি আট দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মো: জহিরুল ইসলাম কর্তৃক যোগদানের তারিখ হতে এমপিওভুক্তির দাবীতে মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং- ৬০৮৬/২০১১ দায়ের করেন। উক্ত মামলার ০৫/০১/২০১২ তারিখের রায়/আদেশ বাস্তবায়ন না হওয়ায় বাদী কর্তৃক কনটেম্পট পিটিশন নং- ৭৩/২০১৫ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য- রিট পিটিশন নং- ৬০৮৬/২০১১ মামলার ০৫/০১/২০১২ তারিখের রায়/আদেশ এর বিরুদ্ধে আপিল দায়েরের জন্য মাউশি অধিদপ্তর হতে সূত্র (১) মূলে ডেপুটি সলিসিটর (রীট), আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, এ্যাটর্নী জেনারেল অফিস ও সলিসিটর ভবন বরারব পত্র প্রেরণ করা হয়েছিল (কপি সংযুক্ত)। উক্ত পত্রের উপর গৃহীত ব্যবস্থা তথ্যাদি অদ্যাবধি জানা যায়নি।

০৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ৬০৮৬/২০১১ মামলার ০৫/০১/২০১২ তারিখের রায়/আদেশ এর বিরুদ্ধে আপিল দায়েরের জন্য মাউশি অধিদপ্তর হতে সূত্র (১) মূলে ডেপুটি সলিসিটর (রীট) বরবর প্রেরিত পত্রের উপর আপিল দায়েরের বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকলে তার হালনাগাদ তথ্যসহ রিট পিটিশন নং-৬০৮৬/২০১১ হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং- ৭৩/২০১৫ এর হালনাগাদ তথ্যাদি গত ৩০/০৫/২০১৯ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য সূত্রোক্ত (৪) নং স্মারকমূলে অনুরোধ করা হয়েছিল কিন্তু অদ্যাবধি উক্ত তথ্যাদি পাওয়া যায়নি বিধায় আগামি ১০/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে উল্লিখিত তথ্যাদি টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে তৃতীয় বার অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিঞা)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন: ৪১০৫০১৫৭

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড হাউজ, নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০ (যেহেতু ডিএমই কর্তৃক মামলা পরিচালনা করা হচ্ছে সেহেতু উক্ত কনটেম্পট মামলার বিষয়ে কোন ব্যবস্থা গৃহীত হতে থাকলে তার হালনাগাদ তথ্যাদি প্রেরণের ১ম অনুরোধসহ)।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।